গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৬.০১৮.০০.০০.০৯৪.২০১৬-৮৩৭

তারিখ : ০৭মে, ২০১৬।

**বিষয় : উপজেলা ডিজিটাল সেন্টার (ইউডিসি) স্থাপন ও পরিচালনা বিষয়ক নির্দেশিকা-২০১৬।**

স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে উপজেলা পরিষদ দেশের তৃণমূল পর্যায়ের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। শক্তিশালী স্থানীয় সরকার ব্যবস্থার মাধ্যমে জনগণের চাহিদা মাফিক সেবা প্রদান করা এখন সময়ের দাবি। স্থানীয় সরকার বিভাগ জনসাধারণকে স্বল্প সময় ও খরচে ডিজিটাল প্রযুক্তির মাধ্যমে কাঙ্খিত সেবা প্রদানের লক্ষ্যে প্রতি উপজেলা পরিষদে একটি করে ডিজিটাল সেন্টার স্থাপনের সিদ্ধান্ত গ্রহণে করেছে। উপজেলা পরিষদের সেবাকে জনগণের দোরগোড়ায় পৌছে দেয়ার জন্য উপজেলা ডিজিটাল সেন্টার (ইউডিসি) প্রতিষ্ঠা এবং সেবা চুক্তির (সার্ভিস এগ্রিমেন্ট) মাধ্যমে জনগণকে চাহিদা অনুযায়ী সেবা প্রদান করা উপজেলা ডিজিটাল সেন্টার প্রতিষ্ঠার মূল উদ্দেশ্য। উপজেলা ডিজিটাল সেন্টার স্থাপন এবং এর কার্যক্রম বাস্তবায়নে উপজেলা পরিষদ ও উদ্যোক্তাদের যৌথ অংশগ্রহণ সেবা প্রত্যাশী জনগণের কাঙ্খিত সেবা প্রাপ্তি ত্বরান্বিত করবে। এর ফলশ্রুতিতে উপজেলা ডিজিটাল সেন্টারের মাধ্যমে স্থানীয় সরকার ব্যবস্থা শক্তিশালীকরণ, জনগণের দোরগোড়ায় ই-সেবা পৌঁছানো, স্থানীয় পর্যায়ে ডিজিটাল সেবা প্রদান ও গ্রহণের চর্চা শুরু এবং আত্ম-কর্মসংস্থানের ব্যবস্থা করা সম্ভব হবে।

এ প্রেক্ষাপটে উপজেলা ডিজিটাল সেন্টার (ইউডিসি) স্থাপন ও কেন্দ্র পরিচালনা বিষয়ক একটি নির্দেশনা থাকা প্রয়োজন বিধায় নিম্নরূপ নির্দেশাবলী জারী করা হলো :

## ১। ইউডিসি উদ্যোক্তার দায়িত্ব ও কর্তব্য

১.ক। প্রতিটি ইউডিসি দু'জন উদ্যোক্তা (একজন পুরুষ ও একজন নারী) কর্তৃক পরিচালিত হবে। তবে কাজের পরিধি বাড়লে এ দু'জন উদ্যোক্তার পাশাপাশি আরো দু'জন উদ্যোক্তা 'বিকল্প উদ্যোক্তা' হিসেবে কাজ করতে পারেন। ইউডিসি পরিচালনার জন্য বিকল্প উদ্যোক্তাকে প্রস্তুত করার দায়িত্ব নিয়মিত উদ্যোক্তার। বিকল্প উদ্যোক্তা যাতে দ্রুত দক্ষতা অর্জন করে ইউডিসিতে সেবা গ্রহণকারীর সংখ্যা ও আয় বাড়াতে ভূমিকা রাখতে পারেন, সে ব্যাপারে নিয়মিত উদ্যোক্তা প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন। বিকল্প উদ্যোক্তা পূর্ণ ক্ষমতা অর্জন করলে তাঁকে বিভিন্ন কাজের দায়িত্ব দিতে হবে যাতে করে ইউডিসির উপর বিকল্প উদ্যোক্তার দায়িত্ববোধ জন্মায় এবং উপার্জন করার সুযোগ তৈরি হয়।

১.খ। স্থানীয় জনগোষ্ঠী যাতে অবাধে ইউডিসি থেকে সরকারি-বেসরকারি ই-সেবা পেতে পারে উদ্যোক্তাগণ তার সর্বাত্মক ব্যবস্থা নিশ্চিত করবেন। নাগরিকের চাহিদা অনুযায়ী পর্যাপ্ত সেবা ইউডিসিতে না থাকলে, সেসব সেবা নিশ্চিত করার ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।

১.গ। বিদ্যমান সেবা সম্পর্কে মানুষের কোন অভিযোগ থাকলে, তা সংশ্লিষ্ট উপজেলা চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের নজরে আনবেন।

১.ঘ। উদ্যোক্তা কোন বেতনভুক্ত কর্মচারী নন বিধায় ইউডিসিকে সচল রাখা, আয় বৃদ্ধি ও টেকসইকরণের ক্ষেত্রে তিনি সকল প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন। এক্ষেত্রে উপজেলা পরিষদ সহায়ক পরিবেশ সৃষ্টিতে ভূমিকা রাখবে।

১.ঙ। ইউডিসিতে সেবা গ্রহণকারীর সংখ্যা বাড়াতে ই-সেবা সম্পর্কে প্রচার প্রচারণা খুবই গুরুত্বপূর্ণ বিধায় উদ্যোক্তাগণ স্থানীয় পর্যায়ে সরকারি-বেসরকারি ই-সেবার চাহিদা সৃষ্টি ও উদ্বুদ্ধকরণ কর্মসূচি পরিচালনা করবেন। উদ্যোক্তা মাল্টিমিডিয়া প্রজেক্টর ও ল্যাপটপ ব্যবহার করে শিক্ষা প্রতিষ্ঠান, সরকারি-বেসরকারি অফিস, জনসমাগমের স্থান, সিনেমা হলসহ এলাকার বিভিন্ন স্থানে বিভিন্ন সেবা সম্পর্কে ক্যাম্পেইন/উঠান বৈঠক করবেন। এসব কাজে তিনি প্রয়োজন অনুযায়ী উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদের অন্যান্য কর্মকর্তাদের সহযোগিতা গ্রহণ করবেন। সমাজে বৈষম্য ও বিভেদ সৃষ্টি করতে পারে বা উপজেলা পরিষদের ভাবমূর্তি ক্ষুণ্ন করতে পারে এরূপ যাবতীয় কর্মকাণ্ড থেকে উদ্যোক্তা বিরত থাকবেন।

১.চ। ইউডিসির ইন্টারনেট, বিদ্যুৎ, পানি ও অন্যান্য সার্ভিসের মাসিক বিল সংশ্লিষ্ট উদ্যোক্তাগণ নিয়মিত পরিশোধ করবেন।

১.ছ। উদ্যোক্তা উপজেলা নির্বাহী অফিসারের সরাসরি তত্ত্বাবধান/পরামর্শ মোতাবেক ইউডিসির কার্যক্রমসমূহ পরিচালনা করবেন।

১.জ। ইউডিসি পরিচালনায় কোন সমস্যা দেখা দিলে তা সমাধানের জন্য প্রাথমিকভাবে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সমাধান করতে হবে। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিষয়টির নিস্পত্তি না হলে উপজেলা পরিষদ চেয়ারম্যানের মাধ্যমে স্থানীয়ভাবে সমাধান করতে হবে। সমস্যার চূড়ান্ত নিস্পত্তির জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান সকল পদক্ষেপ গ্রহণ করবেন। ইউডিসি উদ্যোক্তা কর্তৃক কোন বিরূপ পরিস্থিতির সৃষ্টি গ্রহণযোগ্য বিবেচিত হবে না।

১.ঝ। ইউডিসি'র বিভিন্ন উদ্ভাবন ও সাফল্যের দৃষ্টান্ত ইউডিসি ব্লগে লিখবেন যাতে করে অন্য উদ্যোক্তাগণ এতে অনুপ্রাণিত হন।

১.ঞ। উপজেলা পরিষদ কার্যালয়ের প্রবেশদ্বার পর্যায়ে সুবিধাজনক স্থানে ডিজিটাল সেন্টার স্থাপিত হবে। এ কেন্দ্র সুচারুরূপে পরিচালনার জন্য স্থানীয় ব্যবস্থাপনা কমিটি গঠন করা হবে। উপজেলা নির্বাহী অফিসার প্রাথমিকভাবে এ কমিটি অনুমোদন দিবেন এবং চূড়ান্ত অনুমোদন দিবেন উপজেলা পরিষদ চেয়ারম্যান। উদ্যোক্তা প্রতি মাসে ইউডিসি ব্যবস্থাপনা কমিটির সভায় ইউডিসি'র অগ্রগতির প্রতিবেন প্রদান করবেন। উপজেলা নির্বাহী অফিসার এ প্রতিবেদন উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপন করবেন।

## ২। উপজেলা পরিষদের দায়িত্ব ও কর্তব্য

২.ক। উপজেলা পরিষদ কর্তৃপক্ষ নূন্যতম এইচএসসি পাস, তথ্য-প্রযুক্তিতে আগ্রহী বা দক্ষতা রয়েছে, বিনিয়োগে উৎসাহী এবং নাগরিকদের বিভিন্ন সরকারি ও বেসরকারি ই-সেবা প্রদানে সক্ষম নারী ও পুরুষদের উদ্যোক্তা হিসেবে নির্বাচন করবে। উক্ত কর্তৃপক্ষ প্রতিটি ইউডিসিতে একজন নারী ও একজন পুরুষ উদ্যোক্তার পাশাপাশি আরো একজন নারী ও একজন পুরুষ বিকল্প উদ্যোক্তা নির্বাচন করে রাখবে যাতে কোন উদ্যোক্তা চলে গেলে তাৎক্ষণিকভাবে প্রতিস্থাপন করা যায়।

২.খ। উপজেলা পরিষদ কর্তৃপক্ষ ইউডিসির উদ্যোক্তাদের সাথে চুক্তি সম্পাদন করবে। এই চুক্তির ফি ও মেয়াদ সংশ্লিষ্ট উপজেলা পরিষদ কর্তৃক চূড়ান্ত করা হবে। চুক্তির মেয়াদ শেষে উদ্যোক্তা পরবর্তী সময়ের জন্য উদ্যোক্তা হিসেবে কাজ করতে আগ্রহী থাকলে উপজেলা পরিষদ চুক্তির নবায়ন করবে।

২.গ। উপজেলা পরিষদ একজন উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), একজন শিক্ষক, একজন এনজিও প্রতিনিধি, একজন পেশাজীবী ও একজন ইউডিসি উদ্যোক্তার সমন্বয়ে প্রত্যেকটি কেন্দ্রের জন্য ব্যবস্থাপনা কমিটি গঠন করবে। কমিটির সভা প্রতিমাসে অনুষ্ঠিত হবে এবং কমিটির সদস্যরা ইউডিসি'র কার্যক্রম পর্যালোচনা করবেন। এই কমিটির সুপারিশ উপজেলা পরিষদ অনুমোদন করবে। পাশাপাশি ইউডিসি'র প্রচার ও টেকসইকরণে এ কমিটি কার্যকর ভূমিকা পালন করবে।

২.ঘ। ইউডিসি থেকে প্রদত্ত সেবার মূল্য উপজেলা পরিষদ নির্ধারণ করবে।

২.ঙ। উপজেলা পরিষদ ভবনের প্রবেশদ্বারে সুবিধাজনক স্থানে ইউডিসি স্থাপনের জন্য একটি উপযুক্ত কক্ষ নির্বাচন করবে এবং উপজেলা পরিষদ উপজেলা ডিজিটাল সেন্টার স্থাপন ও পরিচালনার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি সরবরাহ করবে। শর্ত থাকে যে, সরবরাহকৃত মালামালের মালিকানা উপজেলা পরিষদের থাকবে।

২.চ। উদ্যোক্তা ইউডিসি'র সকল যন্ত্রপাতি ও উপকরণের নিরাপত্তা নিশ্চিতকরণসহ উপকরণসমূহের রক্ষণাবেক্ষণ ও মেরামতের দায়িত্ব গ্রহণ করবেন।

২.ছ। অর্থের বিনিময়ে কাজ করানোর ক্ষেত্রে ইউডিসি'কে অগ্রাধিকার দিতে হবে।

২.জ। উপজেলা পরিষদ স্থানীয় জনগোষ্ঠীর জন্য ই-সেবা নিশ্চিত করার লক্ষ্যে উদ্বুদ্ধকরণ কর্মসূচি বাস্তবায়নে উদ্যোক্তাদেরকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করবে।

## ৩। একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের দায়িত্বও কর্তব্য

৩.ক। এটুআই প্রোগ্রাম সঠিক উদ্যোক্তা নির্বাচনে উপজেলা পরিষদ কর্তৃপক্ষকে সহযোগিতা করবে।

৩.খ। এটুআই প্রোগ্রাম উপজেলা পরিষদের ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের প্রয়োজনীয় দক্ষতা বৃদ্ধিতে সহায়তা করবে।

৩.গ। এটুআই প্রোগ্রাম উপজেলা পরিষদ বিদ্যামান সেবাসমূহকে ই-সেবায় রূপান্তারের উদ্যোগ গ্রহণ করবে এবং ইউডিসি'র জন্য নতুন ই-সেবা প্রস্তুত করবে।

৩.ঘ। এটুআই প্রোগ্রাম উপজেলা পরিষদ ডিজিটাল সেন্টার এবং উপজেলা পরিষদ ই-সেবা সম্পর্কে জনসচেতনতা তৈরি করবে।

(আবদুল মালেক)
সচিব